

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

স্মারক নং-০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬-৮৯

তারিখঃ ০৩/০৫/২০১৬ খ্রিঃ

বিষয় : সবার জন্য বাসস্থান নিশ্চিত করার লক্ষ্যে গৃহহীনের তালিকা বাছাই সংক্রান্ত উপজেলা কমিটি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী দেশে কোন মানুষ গৃহহীন থাকবে না মর্মে ঘোষণা করেছেন। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য এবং “সবার জন্য বাসস্থান” নিশ্চিত করার লক্ষ্যে গৃহহীন পরিবারসমূহ চিহ্নিত করা দরকার। এজন্য প্রকাশ্যে ব্যাপক জনগণের উপস্থিতিতে ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে তালিকা তৈরীর জন্য ০১ টি ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে বাছাই কমিটি করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তালিকা বাছাইয়ের নিমিত্ত নিম্নরূপ উপজেলা পর্যায়ে বাছাই কমিটি গঠন করা করা হলোঃ

উপজেলা পর্যায়ে বাছাই কমিটিঃ

- | | |
|--|------------|
| ১. উপজেলা নির্বাহী অফিসার। | - আহ্বায়ক |
| ২. উপজেলার ভাইস চেয়ারম্যান ২ জন | - সদস্য |
| ৩. সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান। | - সদস্য |
| ৪. ইউনিয়ন/পৌরসভা কমিটির আহ্বায়কবৃন্দ। | - সদস্য |

অধিক্ষেত্রঃ তালিকা চূড়ান্তকরণের প্রয়োজনে উক্ত কমিটি সরজমিনে পরিদর্শন করবে এবং গৃহহীনদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করবে। কমিটি কর্তৃক বাছাইকৃত (গৃহহীন পরিবারের সংগৃহিত ডাটা ছকসক) তালিকা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার আগামী ৩১ মে ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবে। জেলা প্রশাসক ১৫ জুন, ২০১৬ তারিখের মধ্যে নিম্নোক্ত ছক মোতাবেক তালিকা প্রস্তুত করে এ কার্যালয়ে প্রেরণ করবে। উপজেলা চেয়ারম্যান কমিটির উপদেষ্টা হিসেবে কাজ করবেন।

জেলাঃ

উপজেলাঃ

ইউনিয়নঃ

ক্রঃ নং	উপকারভোগীর নাম	পিতা/মাতা/স্বামী/ স্ত্রীর নাম	বর্তমান ঠিকানা	জন্ম তারিখসহ ভোটার আইডি নং	বয়স	সম্প্রতি তোলা ০১ কপি ছবি।	মন্তব্য
------------	-------------------	----------------------------------	----------------	-------------------------------	------	------------------------------	---------

- ০২। গৃহহীন বলতে-(ক) যার কোন জমি ও ঘর নেই তাঁকে বোঝাবে। তাঁকে আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে ব্যারাকে পুনর্বাসন করা হবে।
(খ) যার ১-১০ শতাংশ জমি আছে কিন্তু ঘর নেই অথবা জরাজীর্ণ ঘরে বসবাস করে তাঁকে বোঝাবে। তাঁকে তাঁর নিজ জমিতে ঘর নির্মাণ করে দেয়া হবে।
(গ) যার কোন জমি নেই তিনি কমপক্ষে ০১ (এক) শতাংশ জমি দানসূত্রে অথবা অন্য কোনভাবে প্রাপ্ত হলে তাঁকে বোঝাবে। তাঁকে তাঁর প্রাপ্ত জমিতে ঘর নির্মাণ করে দেয়া হবে।

০৩। এমতাবস্থায়, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে আগামী ৩১ মে ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে গৃহহীন পরিবারের তালিকা প্রণয়ন করে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে এবং জেলা প্রশাসককে তা আগামী ১৫ জুন, ২০১৬ তারিখের মধ্যে প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ প্রস্তাবিত ছক-০১ পাতা।

(মোঃ জহিরুল হক)

প্রকল্প পরিচালক(অতিরিক্ত সচিব)

টেলিফোনঃ ৯১২৪১০০

০১। জেলা প্রশাসক (সকল), জেলা।

০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)

..... উপজেলা, জেলা।

অনুলিপিঃ

- ১। কমিশনার, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
২। অফিস কপি।

প্রস্তাবিত ছক

ইউনিয়নঃ

উপজেলাঃ

জেলাঃ

১	জমির উপকারভোগীর নাম	
২	পিতা/মাতা/স্বামী/স্ত্রীর নাম	
৩	উপকারভোগীর বয়স	
৪	বর্তমান ঠিকানা	
৫	জাতীয় পরিচয়পত্র নম্বর (পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে)	
৬	টেলিফোন/মোবাইল নম্বর (যদি থাকে)	
৭	উপকারভোগীর পেশা	
৮	মোট জমির পরিমাণ (যদি থাকে)	
৯	প্রস্তাবিত ভূমির তথ্য(যদি থাকে)	মোট জমি----- দাগ নং--- মৌজা-----জেএল নং----- ইউনিয়ন----- থানা/উপজেলা----- দলিল নম্বর/নামজারী- -----
১০	প্রস্তাবিত জমির চৌহদ্দি(যদি থাকে)	পূর্বে----- পশ্চিমে----- উত্তরে----- দক্ষিণে-----
১১	বর্তমান বাসস্থান সংক্রান্ত তথ্য (যদি থাকে)	ঘরের ধরণঃ সংখ্যাঃ
১২	অন্যের বাড়ী/সরকারী খাস জমিতে থাকেন কিনা?	

ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে বাছাই কমিটির সদস্যদের স্বাক্ষর

সদস্য

সদস্য

আহ্বায়ক

প্রতিস্বাক্ষরঃ উপজেলা নির্বাহী অফিসার